

# যুগান্তর

প্রিন্ট: ২৬ এপ্রিল ২০২৬, ০২:০২ পিএম

শিক্ষাঙ্গন

## প্রশ্নফাঁসের খবরটি মিথ্যা এবং গুজব: শিক্ষা মন্ত্রণালয়

Advertisement



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৬ এপ্রিল ২০২৬, ১১:৪১ এএম



## শিক্ষা মন্ত্রণালয়

সূচনা

ফাইল ছবি।

চলতি বছরের এসএসসি পরীক্ষার প্রশ্নফাঁসের অভিযোগটি মিথ্যা এবং গুজব বলে জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। রোববার (২৬ এপ্রিল) মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে পাঠানো এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়েছে, বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ও নিউজ পোর্টালে এসএসসি পরীক্ষা ২০২৬ এর বাংলা প্রথম পত্রের (১০১) সব বোর্ডের প্রশ্ন ফাঁস হয়েছে মর্মে একটি সংবাদ ছড়িয়ে পড়েছে, যা সম্পূর্ণ অসত্য, ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিত।

শিক্ষা মন্ত্রণালয় বলছে, এরই মধ্যে গত ২১ ও ২৩ এপ্রিল বাংলা প্রথম পত্র ও বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। কোথাও কোন ধরনের অপ্রীতিকর ঘটনার সংবাদ পাওয়া যায়নি। পরীক্ষা শেষ হওয়ার একদিন পর প্রশ্নফাঁস সম্পর্কিত সংবাদটি শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে উদ্বেগের সৃষ্টি করেছে। এই সংবাদটি একটি গুজব এবং সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ করার উদ্দেশ্যে এটি প্রচার করা হচ্ছে। এ বিষয়ের সঙ্গে মন্ত্রণালয় বা এর অধীনস্থ দপ্তরের কোনো কর্মকর্তা-কর্মচারী জড়িত নয়।

বিস্মৃতিতে সতর্ক করে আরও বলা হয়েছে, জনগণ যেন এ ধরনের মিথ্যা সংবাদের বিষয়ে বিভ্রান্ত না হয়ে সতর্ক থাকেন। একইসঙ্গে কোনো ধরনের অর্থ লেনদেন না করার পরামর্শ দেওয়া হয়েছে। তবে প্রশ্ন ফাঁস সংক্রান্ত এ ধরনের অপপ্রচার নজরে এলে শিক্ষা মন্ত্রণালয়কে জানানোর জন্য অনুরোধ করা হয়েছে।